

Total No. of Printed Pages—4

3 SEM TDC BNLH (CBCS) C 5

2024

(Nov/Dec)

BENGALI

(Core)

Paper : C-5

(নাটক, নাট্যসাহিত্যের রূপভেদ ও বাংলা নাটক)

Full Marks : 80

Pass Marks : 32

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

প্রথম একক

(নাটক ও নাট্যসাহিত্যের রূপভেদ)

১। এক কথায় উত্তর দাও :

১×৪=৪

- (ক) কোন ধাতু হতে 'নাটক' শব্দটির উৎপত্তি হয়েছে?
- (খ) কোন সংগীতের প্রচলন থেকে ট্র্যাজিডি উৎপত্তি?
- (গ) রবীন্দ্রনাথ রচিত একটি সাংকেতিক নাটকের নাম উল্লেখ কর।
- (ঘ) মানুষের কোন প্রবৃত্তি থেকে নাটকের উৎপত্তি?

(2)

২। যে কোনো দুটি নাট্য-প্রকৃতির বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা কর :

৪×২=৮

ট্রাজিডি; প্রহসন; একাঙ্ক নাটক

৩। নাটকের উৎপত্তি ও তার ক্রমবিকাশের যে ইতিহাস রয়েছে সে সম্পর্কে একটি আলোচনা তুলে ধর।

৮

অথবা

বাংলা নাটকের বিকাশের ক্ষেত্রে বাংলা যাত্রাপালার অবদান সম্পর্কে তোমার মতামত আলোচনা কর।

দ্বিতীয় একক

(নাট্য আন্দোলন এবং বাংলা রঙ্গমঞ্চ)

৪। এক কথায় উত্তর দাও :

১×৪=৪

(ক) গণনাট্য আন্দোলনের ধারায় বিজন ভট্টাচার্যের একটি নাটকের নাম লেখ।

(খ) 'বেঙ্গলি থিয়েটার' কার প্রচেষ্টায় প্রতিষ্ঠিত হয়?

(গ) বাঙালি প্রতিষ্ঠিত প্রথম নাট্যশালা কোনটি?

(ঘ) মধুসূদনের 'শর্মিষ্ঠা' নাটকটি কোন্ রঙ্গালয়ে অভিনীত হয়েছিল?

৫। যে কোনো দুটি রঙ্গমঞ্চের বিষয়ে সংক্ষেপে আলোচনা কর : ৪×২=৮

গ্রেট ন্যাশনাল থিয়েটার; ক্লাসিক থিয়েটার; বেলগাছিয়া থিয়েটার।

P25/307

(Continued)

(3)

৬। বাংলা নাটকের বিকাশে নবনাট্য আন্দোলনের যে গুরুত্ব রয়েছে তার ইতিহাসটি তুলে ধর।

৮

অথবা

বাংলা নাট্যশালার ইতিহাসে বিদেশী রঙ্গালয়ের অবদানটুকু আলোচনা কর।

তৃতীয় একক

(নির্বাচিত বাংলা নাটক)

৭। অতি সংক্ষেপে উত্তর দাও :

১×৮=৮

(ক) 'শর্মিষ্ঠা' নাটকটি নাট্যকার মাইকেল কাকে উৎসর্গ করেছিলেন?

(খ) 'শর্মিষ্ঠা' কী ধরনের নাটক?

(গ) দেবযানী কে?

(ঘ) শর্মিষ্ঠার কোন্ পুত্র সানন্দচিত্তে পিতার অভিশাপ বরণ করেছিলেন?

(ঙ) 'মুক্তধারা' নাটকটি কোন্ পত্রিকায় প্রথম মুদ্রিত হয়?

(চ) 'মুক্তধারা' নাটকটির মুখ্য প্রাণবস্ত্র কী?

(ছ) রাজা রণজিৎ কোথাকার রাজা?

(জ) বিভূতি কে?

P25/307

(Turn Over)

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) :

৪×২=৮

(ক) ‘শর্মিষ্ঠা’ নাটক অবলম্বনে যযাতি চরিত্রটি আলোচনা কর।

(খ) “সখি! যদিও আমি দাসীত্ব শৃঙ্খলে আবদ্ধা, তথাপি ত আমি রাজভোগে বঞ্চিতা হই নাই”—কে, কোন্ প্রসঙ্গে, কাকে এই উক্তিটি করেছেন, সংক্ষেপে আলোচনা কর।

(গ) ‘মুক্তধারা’ নাটকটির মূল দ্বন্দ্বটি নাট্যকার কোন্ কোন্ চরিত্রের মাধ্যমে এবং কীভাবে ফুটিয়ে তুলেছেন তা সংক্ষেপে বুঝিয়ে দাও।

(ঘ) ‘মুক্তধারা’ নাটক অবলম্বনে রাজা রণজিৎ-এর চরিত্রটি তুলে ধর।

৯। “শর্মিষ্ঠা”ই আধুনিক নাটকের পথপ্রদর্শক।”—সমালোচকের এই উক্তিটির সমর্থনে তোমার যুক্তিযুক্ততা আলোচনা কর।

১২

অথবা

‘শর্মিষ্ঠা’ নাটক অবলম্বনে দেবযানী চরিত্রটি আলোচনা কর।

১০। ‘মুক্তধারা’ নাটকের নামকরণের সার্থকতা বিচার কর।

১২

অথবা

‘মুক্তধারা’ নাটক অবলম্বনে অভিজিৎ বা ধনঞ্জয় চরিত্রটি আলোচনা কর।

★★★